

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৯৩

কাঞ্চনপুর, ১৬ নভেম্বর, ২০২৩

লালজুরি ইলেক্ট্রনিক যুব উৎসব

লালজুরি ইলেক্ট্রনিক যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ কাঞ্চনপুর টাউন হলে লালজুরি ইলেক্ট্রনিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। এমডিসি স্বপ্না রাণী দাস এই উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে যুব উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন এমডিসি স্বপ্না রাণী দাস, এমডিসি শৈলেন্দ্র নাথ, বিডিও সৌরভ আল আমান। উৎসবের প্রথম পর্বে প্লাস্টিক মুক্তি ত্রিপুরা, নেশামুক্তি ত্রিপুরা, এইচসি বিষয় নিয়ে আলোচনা করেন ডিসিএম রাজীব ভট্টাচার্য, পুলিশ আধিকারিক অমল চক্রবর্তী, ডা. দিলীপ দেববর্মা। স্বাগত ভাষণ দেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক অভিজিৎ চৌধুরী। উৎসবে লালজুরি ইলেক্ট্রনিক সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সমবেত, একক লোকনৃত্য ও লোকসংগীত প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে সার্টিফিকেট সহ পুরস্কার তুলে দেন অতিথিরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লালজুরি বিএসির চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী।

\*\*\*\*\*